**উপজেলা পরিষদ**

শিবচর, মাদারীপুর।

**আগস্ট /২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব এইচ. এম. ইবনে মিজান**<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ০৩-০৯-২০২৫, সময় : সকাল ১১.০০ টা |

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক" তে সংযুক্ত**

সভাপতি, প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর কর্তৃক সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর গত ২৮-৭-২০২৫ খ্রিস্টাব্দ **তারিখে** অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান তার দপ্তরে অনেক পদ শূন্য রয়েছে যার ফলে, উপজেলার সাধারণ মানুষ কাঙ্খিত সেবা থেকে বঞ্চিত হচ্ছে। সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের প্রয়োজন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | শূন্য পদের তালিকা উপজেলা পরিষদের প্রশাসক বরাবর লিখিত ভাবে জানানোর জন্য অনুরোধ করা হয় এবং উক্ত পদগুলি পূরণে জেলা প্রশাসকের মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা প্রশাসন, শিবচর, মাদারীপুর।<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পরি: পরিকল্পনা কর্মকর্তা, শিবচর, মাদারীপুর। |
| ০২ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভাকে জানান ২১ আগস্ট২০২৫ থেকে ৩০ আগস্ট ২০২৫ সময়ে ১০০০টি ছাগলকে Peste des Petits Ruminants ( PPR) টিকা বিনামূল্যে প্রদান করা হয়। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান উপজেলায় কৃষি প্রণোদনার আওয়তায় ৩৫টি পেঁয়াজ সংরক্ষণ যন্ত্র বিভিন্ন ইউনিয়নে বিতরণ করা হয়। চলতি ২০২৫-২৬ অর্থবছরে কৃষি প্রণোদনার আওতায় ২০০ কৃষকের মাঝে বসতবাড়ীর আঙিনায় প্রতিজনকে ২০শতক জমির জন্য ০৭ ধরণের সবজির বীজ বিনামূল্যে বিতরণ করা হবে।<br>তিনি আরও বলেন, আগামী রবি মৌসুমকে সামনে রেখে সারের সরবরাহ, মজুদ ও ন্যায্যমূল্য নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত মনিটরিং ও প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | **এল.জি.ই.ডি বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভাকে জানান চলতি ২০২৫-২৬ অর্থবছরে এডিবি হতে কোন বরাদ্দ পাওয়া যায়নি। গত ২০২৪-২৫ অর্থবছরে এডিবি'র ৯০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছিল। চলতি ২০২৫-২৬ অর্থ বছরের জন্যে এডিবি ও উপজেলা উন্নয়ন তহবিলের জন্য আগামী ১৫দিনের মধ্যে নীতিমালার আলোকে স্কীম | আগামী ১৫দিনের মধ্যে নীতিমালার আলোকে স্কীম দাখিল করার জন্য সকল ইউপি প্যানেল চেয়ারম্যানদের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | ...খিল করার জন্য সকল ইউপি প্যানেল চেয়ারম্যানদের কে তিনি অনুরোধ জানান। । এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | ২। প্যানেল চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| ০৫ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভাকে জানান, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ০৬ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ০৭ | **উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা সভাকে জানান ১৮/০৮/২০২৫ হতে ২৪/০৮/২০২৫ পর্যন্ত ৭ দিন ব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ সফল ভাবে পালিত হয়েছে। উন্মুক্ত ও সরকারি বিভিন্ন জলাশয়ে পোনা মাছ অবমুক্ত, জাটকা সংরক্ষণ অভিযান ও অন্যান্য মৎস্য আইন বাস্তবায়ন, বিকল্প কর্মসংস্থানের উপকরণ বিতরণের জন্য জেলেদের তালিকা সংগ্রহ এবং জেলেদের হালনাগাদ তালিকা ও নিবন্ধনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ০৮ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান তালিকাভূক্ত সকল নিয়মিত বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, প্রতিবন্ধী শিক্ষার্থী এবং অনগ্রসর বিশেষ ভাতার ২০২৫-২৬ অর্থ বছরের প্রথম কিস্তির পেরোল ০৭-১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা রয়েছে। সকল ভাতাভোগীদের তালিকা হালনাগাদ করণে দেশব্যাপী ৮টি উপজেলায় পাইলটিং শুরু হয়েছে। আশা করা যায় পাইলটিং শেষ হলে সকল উপজেলায় তালিকা হালনাগাদ করণের কাজ শুরু হবে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ০৯ | **উপজেলা নির্বাচন অফিসঃ উপজেলা নির্বাচন অফিসার মাসিক সভায় অনুপস্থিত থাকায়, তার বিভাগের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে কোন কিছু জানা যায়নি।** | **আগামী মাসিক সভায় উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।** | **উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর** |
| ১০ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান তার দপ্তরের আওতায় ৩টি ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে অনেক পদ শূন্য রয়েছে যার ফলে, উপজেলার সাধারণ মানুষ কাঙ্খিত সেবা থেকে বঞ্চিত হচ্ছে। সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের প্রয়োজন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | শূন্য পদের তালিকা উপজেলা পরিষদের প্রশাসক বরাবর লিখিত ভাবে জানানোর জন্য অনুরোধ করা হয় এবং উক্ত পদগুলি পূরণে জেলা প্রশাসকের মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা প্রশাসন, শিবচর, মাদারীপুর।<br>০২। উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা, শিবচর, মাদারীপুর। |
| ১১ | **পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শিবচর সভাকে জানান বর্তমানে বিদ্যুৎ ব্যবস্থা স্বাভাবিক আছে, লোড শেডিং নাই। সরকারী অফিস আদালতে অনেক বকেয়া বিল আছে। সরকারী অফিস আদালতের বকেয়া বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। উপজেলাসহ যে সকল এলাকায় বিদ্যুৎ লাইনের উপর গাছপালা আছে তা কর্তনের উদ্যেগ গ্রহণ করা হচ্ছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান গত ২০২৪-২০২৫ অর্থবছরে পূর্বের ২.০০ কোটি টাকা খেলাপী সহ মোট বিতরণকৃত ঋণ ২১.৯৮ কোটি এবং ঋণ আদায় ১৯.৯৮ কোটি টাকা। আদায়ের হার ৯০%। | খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ অর্থবছরে ঋন বিতরণ লক্ষমাত্রা ২১.০০ কোটি টাকা। আগস্ট/২৫ পর্যন্ত ঋণ বিতরণ হয়েছে ৩.০০ কোটি টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৩ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান ২০২৫-২৬ অর্থ বছরে টি.আর, কাবিখা, কাবিটা প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। নীতিমালা অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক বিভাজন প্রস্তুত করার কার্যক্রম চলমান আছে। দ্রুততম সময়ের মধ্যে ওয়ার্ড সভা করে জনগুরুত্বপূর্ণ প্রকল্পের তালিকা প্রেরণের জন্য ইউপি প্যানেল চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দ্রুততম সময়ের মধ্যে ওয়ার্ড সভা করে জনগুরুত্বপূর্ণ প্রকল্পের তালিকা প্রেরণের জন্য ইউপি প্যানেল চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর<br>০২।ইউপি প্যানেল চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ শিবচর, মাদারীপুর |
| ১৪ | **উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান ০২ টি দুগ্ধ ঘাটতি প্রকল্পে ১০০ জন উপকারভোগীদের মধ্যে বকনা বাছুর ক্রয়ের জন্য ২,০০,০০,০০০ (দুই কোটি) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং শতভাগ গরু ক্রয় করা হয়েছে। উক্ত প্রকল্পের ঋণ আদায়ের নির্ধারিত সময় হয়নি। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ১৫ | **উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শিবচর, মাদারীপুর সভাকে জানান খাদ্য বান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ অনুযায়ী শিবচর উপজেলার ইউনিয়ন ভিত্তিক খাদ্য বান্ধবের উপকার ভোগীর তালিকা হালনাগাদ করা দরকার। যারা মৃত্যুবরণ করেছেন, বিদেশগমন করেছেন ও ইতোমধ্যে যারা সফলতা অর্জন করেছেন, তাদের স্থলে নীতিমালা অনুযায়ী নতুন উপকার ভোগী ভোগী বাছাই করা প্রয়োজন। এ বিষয়ে ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটিকে বিনা ব্যর্থতায় নির্ধারিত তারিখের মধ্যে তালিকা হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়। ইতিপূর্বেও অনুরোধ করে পত্র দেয়া হয়েছিল । এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটিকে বিনা ব্যর্থতায় নির্ধারিত তারিখের মধ্যে খাদ্য বান্ধব উপকারভোগীর তালিকা হালনাগাদ করে উপজেলা কমিটির নিকট দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা খাদ্য অফিসার, শিবচর, মাদারীপুর<br>২। প্যানেল চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ শিবচর, মাদারীপুর |
| ১৬ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ সভাকে জানান ২০২৪-২০২৫ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় শিবচর উপজেলায় ইউনিয়ন প্রতি ১২টি করে পানির উৎস বরাদ্দ পাওয়া যায়। পানির উৎস স্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর যে আবেদন পাওয়া গিয়েছে, সেই আবেদনগুলোর আবেদন অনুযায়ী দরখাস্তকারীগণের তথ্য সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে জরিপ কাজ চলমান রয়েছে। যাতে প্রকৃতপক্ষে অগ্রাধিকার ভিত্তিতে যাচাই-বাছাই কাজ সম্পন্ন করে পানির উৎসের স্থান নির্বাচন করা যায়। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কাজ চলমান রয়েছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ১৭ | **উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান তার কার্যালয়ের ০৩ জন সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্মরত থাকার কথা কিন্তু কর্মরত আছে মাত্র ০১জন। ০২টি পদ শূন্য রয়েছে এবং তার দপ্তরে কর্মকর্তা/ কর্মচারীদের বসার জন্য প্রয়োজনীয় সংখ্যক রুম নেই। আরো ০২টি অফিস রুম বরাদ্দের জন্য বিনীত ভাবে অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, শিবচর, মাদারীপুর<br>২। প্রশাসক উপজেলা পরিষদ শিবচর, মাদারীপুর। |
| ১৮ | **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান ২০২৫-২৬ অর্থ বছরে ২১৯৬টি ভিডব্লিউবি কার্ড সুষ্ঠুভাবে ১৮টি ইউনিয়নের উপকার ভোগীদের মধ্যে বিতরণ করা হয়েছে। জুলাই ও আগস্ট মাসের পুষ্টিচাল বিতরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | ইউনিয়ন ওয়ারী প্রতিমাসে ১৫জন করে ও পৌরসভার জন্য প্রতি মাসে ওয়ার্ড প্রতি ৭জন করে আর্থিক সহায়তা পাবার আবেদনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৯ | **উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসঃ উপজেলা সাব-রেজিস্ট্রার মাসিক সভায় অনুপস্থিত থাকায়, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা যায়নি।** | **আগামী মাসিক সভায় সাব-রেজিস্ট্রার, শিবচর কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।** | **উপজেলা সাব-রেজিস্ট্রার, শিবচর, মাদারীপুর** |
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ২১ | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান জুলাই/২০২৫ মাসে আউশ ফসলের পূর্বাভাস জরিপ এবং পাট ফসলের পূর্বাভাস জরিপ এবং মৎস্য উৎপাদন, গবাদিপশু ও হাঁস-মুরগি প্রাক্কলন জরিপ কার্যক্রম চলমান আছে। এছাড়া, ICT ব্যবহার শীর্ষক জরিপ ও নৌযান (ইঞ্জিনচালিত) ও ঘাট এর সংখ্যা সংক্রান্ত তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ২২ | **উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ২৩ | **পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ২৪ | ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ স্টেশন অফিসার সভাকে জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ২৫ | **ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার সভাকে জানান ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে বাস্তবায়নাধীন শিবচর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রটি ২০২৩ সালে উদ্বোধন হলেও অদ্যবধি এর হ্যান্ড ওভার/দায়িত্ব হস্তান্তর করা হয়নি এবং মসজিদের ছাদ ভেদ করে পানি পড়ে যা দুই বছর যাবত স্থায়ী। এ ছাড়াও মসজিদের বিভিন্ন কাজের যথেষ্ট অনিয়ম রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | এ বিষয়ে সংশ্লিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফিল্ড সুপার ভাইজার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ২৬ | **জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা ও সংশ্লিষ্ট সকল |
| ২৭ | **উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ উপজেলা বন কর্মকর্তা, মাসিক সভায় অনুপস্থিত থাকায়, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা যায়নি।** | **আগামী মাসিক সভায় উপজেলা বন কর্মকর্তা, শিবচর কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।** | **উপজেলা বন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর** |
| ২৮ | **উপজেলা আইসিটি অফিস :** উপজেলা আইসিটি অফিসার সভাকে জানান শিবচর উপজেলা অফিসসমূহ ও সকল ইউনিয়ন পরিষদের অফিসের ওয়েব পোর্টাল এখনও পর্যন্ত যারা হালনাগাদ করেননি, সে সকল দপ্তর প্রধানগণকে এবং ইউপি প্যানেল চেয়ারম্যানগণকে তার অফিসের স্ব স্ব ওয়েব পোর্টাল উপজেলা আইসিটি অফিসার এর সহযোগিতায় হালনাগাদ করার জন্য অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | আগামী সভার আগে আবশ্যিকভাবে ওয়েব সাইট হালনাগাদের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল। |
| ২৯ | **উপজেলা পাট অফিসঃ** উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান পাটবীজ উৎপাদনকারী কৃষকের মাঝে নাবী | কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পাট কর্মকর্তা, শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট |

| | | | |
|---|---|---|---|
| | ...ট বীজ উৎপাদনের লক্ষ্যে যাচাই বাছাই করণের মাধ্যমে জেআরও-৫২৪ জাতের উচ্চ ফলনশীল জাতের বীজ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | সকল। |
| ৩০ | **উপজেলা তথ্য কেন্দ্র সংক্রান্ত আলোচনাঃ উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাসিক সভায় অনুপস্থিত থাকায়, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কোন কিছু জানা যায়নি।** | **আগামী মাসিক সভায় উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, শিবচর কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।** | **উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, শিবচর, মাদারীপুর** |
| ৩১/১ | **বিবিধঃ** ইউ.ডি.এফ(ইউ.জি.ডি.পি),জানান জাইকার অর্থায়নে UGDP প্রকল্পের মাধ্যমে শিবচর, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চাহিদার ভিত্তিতে ২০২১-২২ অর্থ বছরে একটি সোলার প্যানেল সরবরাহ করা হয়েছিল। যাতে লোডশেডিং এর সময়ে ইমারজেন্সি ওয়ার্ড গুলোতে বিদ্যুৎ সরবরাহ অব্যাহত থাকে। এলজিইডি অফিসের তৈরীকৃত এস্টিমেটে ভুলবশত সোলার প্যানেলের ব্যাটারীর দাম ধরা হয়নি। যার কারণে ঠিকাদার ব্যাটারী ছাড়া সোলার প্যানেল সরবরাহ করেন এবং এটি দীর্ঘ এক বছর যাবত অব্যবহৃত অবস্থায় স্বাস্থ্য কমপ্লেক্সে পড়ে আছে। ফলে লোড শেডিং এ হাসপাতালের রোগীদের দুর্ভোগ পোহাতে হচ্ছে। | নীতিমালা অনুযায়ী উপজেলা উন্নয়ন তহবিল থেকে সোলার প্যানেলের ব্যাটারী ক্রয় করা যায় কিনা তা যাচাই করে ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ.ডি.এফ(ইউ.জি.ডি.পি), শিবচর, মাদারীপুর ও সংশ্লিষ্ট সকল। |
| ৩১/২ | **বিবিধ :** নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনা : উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনা করা হয়। | খাদ্যে ভেজালের বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি, শিবচর, মাদারীপুর |

৩১/৩ **বিবিধ আলোচনা:**

সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান গত ২০২৪-২৫ অর্থ বৎসরের গৃহীত নিম্নেবর্ণিত স্কীম সমূহের কাজের আংশিক ত্রুটি থাকায় চূড়ান্ত পাওনা পরিশোধ করা হয় নাই। যাহা ২০২৪-২৫ অর্থ বৎসরের ব্যাক লক পাওনার হিসাব রয়েছে।

**বকেয়া বিলের পাওনার হিসাব বিবরণী ঃ**

| ক্র: নং | প্যাকেজ নং | ঠিকাদারের নাম | কাজের নাম | চুক্তি মূল্য অনুযায়ী চূড়ান্ত বিলের পাওনা টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | e-Tender/ UDF/MAD/SHIB/ 2024-25/W-33 | মেসার্স নিক্সন ট্রেড লিংক | ০২ নং ওয়ার্ডের বাহেরচর কমিউনিটি ক্লিনিক হইতে ওদুদ ফকিরের বাড়ি হয়ে শিকদার বাড়ি অভিমুখী রাস্তা ইটের সলিং করণ। (পাঁচ্চর) | ৯,৮২,৩০০.০০ | |
| ২. | e-Tender/ UDF/MAD/SHIB/ 2024-25/W-13 | মেসার্স জোবায়দা ঢালী এন্টারপ্রাইজ | ৭ নং ওয়ার্ডের চরকামারকান্দি অলি মাদবরের বাড়ি পূর্ব পার্শ্বে আরসিসি বক্স কালভার্ট নির্মাণ। (নিলখী) | ১৩,১২,৬৭৭.০০ | |
| ৩. | e-Tender/ UDF/MAD/SHIB/ 2024-25/W-11 | মেসার্স তাইফ এন্টারপ্রাইজ | ৬ নং ওয়ার্ডের সিঙ্গাপুর বাজারে ল্যাট্রিন নির্মাণ। (বহেরাতলা দক্ষিণ) | ১০,৫৭,৭৯৬.০০ | |
| ৪. | e-Tender/ UDF/MAD/SHIB/ 2024-25/W-02 | মেসার্স আরকান এন্টারপ্রাইজ | ৮ নং ওয়ার্ডের চান্দেরচর হাটের মুরগী পট্টির পরিত্যক্ত টলঘর পূণঃ নির্মান। দৈর্ঘ্য-৯০ ফুট, প্রস্থ-৩০ ফুট। (উমেদপুর) | ৮,৫২,৮২৮.০০ | |
| ৫. | e-Tender/ UDF/MAD/SHIB/ 2024-25/W-03 | মেসার্স তাইফ এন্টারপ্রাইজ | ৮ নং ওয়ার্ডের চান্দেরচর বাজারের জামে মসজিদ এর পার্শ্ব হইতে খেলার মাঠ পর্যন্ত ড্রেন নির্মান। (উমেদপুর) | ৬,০২,৮৫০.০০ | |
| ৬. | e-Tender/ | মেসার্স তাফসীর এন্টারপ্রাইজ | ৯ নং ওয়ার্ডের হীরা খার বাজার হইতে | ২২,৩৪,৪০০.০০ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ...DF/MAD/SHIB/ 2024-25/W-25 | | জেকে প্রাইমারি স্কুল হয়ে মজিদ সরকার স্কুল পর্যন্ত ইটের সলিং। (চরজানাজাত) | | |
| ৭. | e-Tender/ UDF/MAD/SHIB/ 2024-25/W-23 | বুনিয়াদ কর্পোরেশন | ৪ নং ওয়ার্ডের পাচ্চর মাছ বাজারের টোল ঘর নির্মান। (মাদবরেরচর) | ১৩,৫৯,৪৫০.০০ | |
| ৮. | e-Tender/ UDF/MAD/SHIB/ 2024-25/W-19 | মেসার্স কনিকা এন্টারপ্রাইজ | পার্ট-১ : কাজীর সূরা বাজারে মাছ বাজারের শেড নির্মাণ কাজ, পার্ট-২ : কাজীর সূরা বাজারে মাছ বাজারের শেড এর আরসিসি ড্রেন নির্মাণ কাজ। (বন্দরখোলা) | ১১,৫৯,০০০.০০ | |
| ৯. | e-Tender/ UDF/MAD/SHIB/ 2024-25/W-16 | মেসার্স দেলোয়ার কনস্ট্রাকশন | ০২ নং ওয়ার্ডের বাচামারা পাকা সড়ক হতে তোতা মোড়লের বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন। (দত্তপাড়া) | ১৬,৪০,৫০৯.০০ | |
| ১০. | e-Tender/ UDF/MAD/SHIB/ 2024-25/W-35 | মেসার্স জেরিন এন্টারপ্রাইজ | ৯ নং ওয়ার্ডের মোসলেম ভূইয়ার বাড়ির সামনে পাকা রাস্তা হতে লাল মিয়া ভূইয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। (ভান্ডারীকান্দি) | ৬,৬৭,৪৩৯.০০ | |
| ১১. | e-Tender/ UDF/MAD/SHIB/ 2024-25/W-38 | মেসার্স আনোয়ারা ট্রেডার্স | ১ নং ওয়ার্ডের নজরুল মাদবরের বাড়ি থেকে আয়নাল দফাদারের বাড়ি পর্যন্ত সিসি রাস্তা নির্মাণ। (ভদ্রাসন) | ১১,৭৮,৭৫৩.০০ | |
| | | | সর্বমোট= | ১,৩০,৪৮,০০২.০০ | |

**সর্বমোট=১,৩০,৪৮,০০২.০০ (কথায় ঃ এক কোটি ত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার দুই টাকা) মাত্র। ২০২৪-২৫ অর্থ বৎসরে বকেয়া বিলে পাওনা** আছে।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে গত ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল" (UDF)- এর** আওতায় উপরোক্ত স্কীম সমূহের বকেয়া পাওনা চলতি ২০২৫-২৬ অর্থ বৎসরের বরাদ্দকৃত অর্থ থেকে চূড়ান্ত বিল প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

সভাপতি বলেন অবৈধ ভাবে ড্রেজার দিয়ে বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে এবং চায়না দোয়ারী মাছ ধরার জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। সভাপতি সততা ও নিষ্ঠার সাথে ইউপি প্যানেল চেয়ারম্যান ও দপ্তরের বিভাগীয় প্রধানগণকে সমন্বয়ে করে কাজ করার জন্য উদাত্ত আহবান জানান। তিনি আরও বলেন যে, উপজেলার সকল বিভাগীয় প্রধানগণের সমন্বয়ে একটি টিম হিসেবে কার্যক্রম পরিচালনা করলে উপজেলার সকল উন্নয়ন মূলক কাজ করতে সহজ হবে। আগামী মাসিক সমন্বয় সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য উপজেলার সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**এইচ. এম. ইবনে মিজান**
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২৪- ৮৫৮/১(৪০) তারিখঃ ০৩-০৯-২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৪। জেলা প্রশাসক, মাদারীপুর।

৫। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ..........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

৭। জনাব ......................................................................................শিবচর, মাদারীপুর।

৮। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর